

গৃহস্থালির শক্তি সহায়তা প্রোগ্রাম (Home Energy Assistance Program, HEAP) অনুদান ছাড়াও, উষ্ণ থাকা ও আপনার জ্বালানি খরচ নিয়ন্ত্রণে রাখার জন্য আপনি অন্যান্য কিছু সহজ পদক্ষেপ গ্রহণ করতে পারেন:

আপনার জ্বালানি খরচ হ্রাস করতে পারে এরূপ প্রোগ্রামগুলো সম্পর্কে আরও জানতে, অনুগ্রহ করে 866-NYSERDA (866-697-3732) নম্বরে নিউ ইয়র্ক স্টেট জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA)-এর সাথে যোগাযোগ করুন অথবা এই ওয়েবসাইটটি পরিদর্শন করুন: www.nyscr.org/programs/weatherizationassistance

আপনার বাসাকে আবহাওয়া-প্রতিরোধক করার প্রয়োজন হলে, অনুগ্রহ করে 866-275-3427 নম্বরে নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal)-এর সাথে যোগাযোগ করুন অথবা এই ওয়েবসাইটটি পরিদর্শন করুন: www.nyscr.org/programs/weatherizationassistance



উষ্ণ রাখুন HEAP-এর সাহায্যে

নিউ ইয়র্ক স্টেট স্বল্প-আয়ের নিউইয়র্কবাসীর জ্বালানি বিল পরিশোধে সহায়তা করতে HEAP সুবিধা প্রাপ্তি সহজ করেছে।

আপনি যোগ্য কিনা তা জানার একমাত্র উপায় আবেদন করা।

এ বছরের কোন সময় HEAP সুবিধা উপলব্ধ হবে তা জানতে, এই ওয়েবসাইটটি পরিদর্শন করুন otda.ny.gov অথবা 800-342-3009 নম্বরে কল করুন।

**আপনার যোগ্যতা যাচাই করুন
বিভিন্ন সুবিধাদি আদায়ে এবং
HEAP-এর জন্য এই ওয়েবসাইটে
আবেদন করুন**

myBenefits.ny.gov



Office of Temporary
and Disability Assistance

otda.ny.gov

Pub-4735-BE (Rev. 08/15)

HEAP-এর সাহায্যে উষ্ণ রাখুন



HEAP
Home Energy
Assistance Program

অস্থায়ী এবং অক্ষমতা সহায়তা কার্যালয়ের
(Office of Temporary and Disability Assistance) কর্মসূচি

HEAP

গৃহস্থালির শক্তি সহায়তা প্রোগ্রাম (HEAP) স্বল্প-আয়ের নিউইয়র্কের অধিবাসীদের জ্বালানি বিল পরিশোধে সহায়তা করে। আপনার জ্বালানি বিল যদি আপনার সক্ষমতার চেয়ে বেশি হয়, HEAP আপনার গৃহ উষ্ণ রাখতে সহায়তা করতে পারে।

আপনি ঘর উষ্ণ রাখতে নিম্নোক্ত জ্বালানিগুলোর কোনোটি ব্যবহার করে থাকলে HEAP আপনাকে সহায়তা করতে পারে:

- বিদ্যুৎ
- প্রোপেন
- প্রাকৃতিক গ্যাস
- কাঠ/ কাঠের গুড়ি
- তেল
- কেরোসিন
- কয়লা
- যব

আপনি HEAP সুবিধার উপযুক্ত হতে পারেন যদি:

- আপনি ও আপনার পরিবারের সদস্যগণ যুক্তরাষ্ট্রের নাগরিক হন বা উপযুক্ত বৈধ অধিবাসী হন - **এবং** -
- আপনার গৃহস্থের মাসিক গড় আয় গৃহস্থের আকারের জন্য বর্তমান আয় নির্দেশকারী সম-পর্যায়ে বা নিচে থাকে। নির্দেশিকাটি এখানে পাওয়া যাবে: otda.ny.gov/programs/heap - **অথবা** -
- আপনি সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (SNAP) সুবিধা পেয়ে থাকলে - **অথবা** -
- আপনি সাময়িক সহায়তা পেয়ে থাকলে - **অথবা** -
- আপনি কোড এ সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (SSI Living Alone) পেয়ে থাকলে

আপনি কিভাবে আবেদন করবেন?

আপনি নিম্নোক্ত পন্থায় নিয়মিত HEAP সুবিধার জন্য আবেদন করতে পারবেন:

- **সশরীরে:** আপনি সামাজিক সেবার স্থানীয় অধিদপ্তরে অথবা অসংখ্য স্থানীয় কমিউনিটি সংগঠনে আবেদন করতে পারবেন - **অথবা** -
- **ফোনে ও ডাকযোগে:** আপনি সামাজিক সেবার স্থানীয় অধিদপ্তরে কল করে HEAP আবেদনপত্র ডাকযোগে পাঠানোর অনুরোধ করতে পারেন অথবা আপনি HEAP আবেদনটি ডাউনলোড করেও ডাকযোগে পাঠাতে পারেন* - **অথবা** -
- **অনলাইনে:** আপনি নিউইয়র্ক শহরের বাইরে বসবাস করলে, অনলাইনে আবেদনের জন্য নিম্নোক্ত ওয়েবসাইটটি পরিদর্শন করতে পারেন: myBenefits.ny.gov

আপনার গৃহস্থের আয়ের উপর ভিত্তি করে HEAP সুবিধার পরিমাণ ভিন্ন হতে পারে এবং আপনার ভাড়ার সাথে জ্বালানি যুক্ত থাকলেও এ সুবিধাটি পেতে পারেন।

আপনার ব্যাংকে টাকা থাকলে, স্টক, বন্ড, বা অন্যান্য সম্পদ থাকলেও আপনি নিয়মিত HEAP সুবিধার উপযুক্ত হতে পারেন।

আপনি HEAP সুবিধার উপযুক্ত হলে, আপনি সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (SNAP) সুবিধার জন্যও উপযুক্ত হতে পারেন। myBenefits.ny.gov ওয়েবসাইটটি পরিদর্শনের মাধ্যমে আপনি এই সুবিধার উপযুক্ত কি-না তা যাচাই করতে পারেন এবং SNAP-সুবিধার জন্য আবেদন করতে পারেন।

*স্থানীয় অধিদপ্তরগুলোর যোগাযোগের ঠিকানা ও HEAP আবেদনপত্রের জন্য otda.ny.gov/programs/heap/apply পরিদর্শন করুন।

আপনার জরুরি জ্বালানি প্রয়োজন হলে কি করবেন?

যদি জ্বালানি বিল বকেয়ার কারণে সংযোগ বিচ্ছিন্নের বিচ্ছিন্ন অথবা জ্বালানি তেল কমে ট্যাংকের এক-চতুর্থাংশে নেমে আসা/দশ-দিনের জ্বালানিতে নেমে আসার কারণে আপনার জরুরি ভিত্তিতে জ্বালানি প্রয়োজন হয়, আপনি আপনার সামাজিক সেবার স্থানীয় অধিদপ্তরে HEAP জ্বালানি সুবিধার জন্য আবেদন করতে পারেন। নিয়মিত সুবিধা শেষ হয়ে গিয়ে থাকলে, আপনি উপযুক্ত হলে, আপনার নিয়মিত HEAP সুবিধার বাইরে HEAP জরুরি সুবিধা প্রদান করা হতে পারে।

আপনি HEAP জরুরি সুবিধা পাওয়ার উপযুক্ত হবেন যদি:

- আপনার আয় বর্তমান আয় নির্দেশকারী সমতুল্য বা নিচে হলে, অথবা আপনি পারিবারিক সহায়তা (Family Assistance), সুরক্ষা জাল সহায়তা (Safety Net Assistance), SNAP বা কোড এ আপনি সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (Supplemental Security Income, SSI) পেয়ে থাকলে, এবং জরুরি প্রয়োজন মেটানোর মতো আপনার পর্যাপ্ত নগদ টাকা না থাকলে - **এবং** -
- আপনার প্রাকৃতিক গ্যাস বা বৈদ্যুতিক হিটার বন্ধ থাকলে অথবা বিচ্ছিন্ন হবে এরূপ অবস্থায় - **অথবা** -
- আপনার জ্বালানি (তেল, কেরোসিন, প্রোপেন) শেষ হয়ে গেলে অথবা ট্যাংকের এক-চতুর্থাংশের কম জ্বালানি থাকলে - **অথবা** -
- আপনার কাঠ, কয়লা, বা অন্যান্য জ্বালানির উৎস শেষ হয়ে গেলে, বা দশ-দিনের কম জ্বালানি সরবরাহ থাকলে - **অথবা** -
- আপনার ঘর উষ্ণ করার ব্যবস্থা সচল রাখতে বিদ্যুৎ সংযোগ প্রয়োজন কিন্তু সংযোগটি হয় বিচ্ছিন্ন হয়েছে বা বিচ্ছিন্ন করা হবে এরূপ পরিস্থিতিতে।

